

ফাতওয়া নাম্বার: ১৫২

প্রকাশকাল: ২১-০২-২০২১ ইং

যে গাড়ি দিয়ে উপার্জন করা হয় তার ওপর কি যাকাত ফরজ হয়?

প্রশ্ন:

এক ব্যক্তির কাছে শুধু এক লাখ টাকা মূল্যের একটি গাড়ি আছে। এটি দিয়ে সে উপার্জন করে থাকে। হাতে কোনো ক্যাশ টাকা নেই। এখন জানার বিষয় হলো, তার ওপর কি যাকাত ফরজ হবে? হলে কী পরিমাণ হবে? কিভাবে আদায় করবে? বিস্তারিত জানানোর আবেদন রইল।

প্রশ্নকারী- মোহাঃ আবু ওসমান

উত্তর:

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

الحمد لله والصلاة والسلام على رسول الله، أما بعد

উপার্জনের গাড়ি যাকাতযোগ্য সম্পদ নয়। সুতরাং এ গাড়ির ওপর যাকাত ফরজ নয়। হ্যাঁ, কেউ যদি গাড়ি কেনাবেচার ব্যবসা করে, তাহলে ব্যবসার পণ্য হিসেবে সে গাড়ির যাকাত দিতে হবে। আর যাকাত ফরজ হওয়ার জন্য ক্যাশ টাকা থাকা জরুরি নয়। বরং যাকাতযোগ্য যে কোনো প্রকার সম্পদের (যেমন সোনা রূপা, ব্যবসার পণ্য, নগদ অর্থ বা অন্যের কাছে পাওনা অর্থের) মালিক হলে; মালিকানা অর্জনের এক বছরের মাথায় প্রয়োজনীয় খরচ হওয়ার পর যা থাকে, তার ওপর যাকাত ফরজ হয়। আরও জানতে দেখুন: “যাকাতের হুকুম কী? নেসাব কত? এবং কার ওপর ফরয?” শিরোনামের ফতোয়াটি, লিংক:

<https://fatwaa.org/2020/09/18/1808/>

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহ

২৯-০৬-১৪৪২ হি০



১২-০২-২০২১ ইং